দৈনিক
ইত্তেফাক

তারিখ ...10 APR 2017
পৃষ্ঠা ...৭... কলাম...৪...

# নকল করতে সহায়তা করায় প্রভাষকসহ ৩ জনের জেল

■ বাঞ্ছারামপুর (ব্রাহ্মণবাড়িয়া) সংবাদদাতা

বাঞ্ছারামপুরে এইচএসসি পরীক্ষায় নকলে সহায়তার অপরাধে ড. রওশন আলম কলেজের সমাজ কর্ম বিভাগের প্রভাষক কেএম কায়সার আহম্মেদ, জগন্নাথপুর গ্রামের মোঃ রিয়াজ হোসেন, ফরদাবাদ গ্রামের নূর মোহাম্মদকে শনিবার সন্ধ্যায় ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা সহকারী কমিশনার মোঃ সোহাগ হোসেন প্রত্যেককে ২ বছর করে কারাদণ্ড প্রদান করেন ।

জানা গেছে, শনিবার সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কেন্দ্রে এইচএসসি পরীক্ষার ইংরেজি দ্বিতীয় পত্র পরীক্ষা চলাকালীন বাইরে থেকে রিয়াজ ও নূর মোহাম্মদ মুঠোফোনের মাধ্যমে নকল সরবরাহ করেন পর্যবেক্ষক প্রভাষক কেএম কায়সার আহম্মেদের নিকট। বিষয়টি টের পেয়ে সহকারী কমিশনার (ভূমি) এদের মুঠোফোন জব্দ করে আসামীদের এ দণ্ড প্রদান করেন।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট বিষয়টি নিশ্চিত করে বলেন, কেন্দ্রের ভিতর প্রশ্নপত্র থেকে মুঠোফোন ব্যবহার করে প্রশ্নপত্র ফাঁসের দায়ে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাদের সাজা দেয়া হয়।